[redacted]

[redacted]

[redacted]

রবিবার বিকালে ভাঙ্গা পৌরসভার চৌধুরীকান্দা সদরদী সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে তাঁকে দেওয়া সংবর্ধনা সভায় প্রধান অতিথির বক্তব্যকালে তিনি এসব কথা বলেন।

তিনি তাঁর বক্তব্যের শেষ ভাগে উপস্থিত জনতার উদ্দেশে বলেন, ‘আর একটা কথা কইতে মন চাইতেছে। না কইয়া পারি না। আগে ভাঙ্গার দুই-একটা পাগল আমারে নিয়া কথা কইত। আমি এত বড় নেতাই হইছি এখন ভিনদেশি পাগল আমার ওপর খ্যাপছে।

তারে আমি কিছু কইছি? তারে আমি চিনি? জীবনে নাম শুনেছি? সে কয় আমি ভোট ডাকাতি কইরা এমপি হইছি। পাগলা স্বপ্নে না দেখলে এমন কথা কইতে পারে না। গত সংসদ নির্বাচনে আমার তিন উপজেলায় নির্বাচন সুষ্ঠু হইছে।’

তিনি আরও বলেন, ‘পাগলারেও আমি চিনি না, জীবনে দেহি নাই, জীবনে যাই নাই নোয়াখালী। আরে মিয়া! নেতা হইতে চান? পরিচিতি চান? পাগলামি কইরা নেতা হওয়া যায় না। আপনাকে প্রমাণ করতে হবে আমি আপনারে কিছু কইছি কিনা। সরকারের উচিত এসব পাগলকে যথাশীঘ্র পাবনায় পাঠানো।

নইলে এমন গণধোলাই খাবে যে চেহারা চেনা যাবে না।’ কাউন্সিলর মো. বাকী মাতুব্বরের সভাপতিত্বে আরও বক্তব্য দেন যুবলীগ কেন্দ্রীয় কমিটির অর্থবিষয়ক সম্পাদক ও ভাঙ্গা উপজেলার সাবেক চেয়ারম্যান সাহাদাত হোসেন, ভাঙ্গা উপজেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ফাইজুর রহমান, ভাঙ্গা বাজার বণিক সমিতির সাধারণ সম্পাদক আবু জাফর মুন্সী প্রমুখ। সূত্র- বিডি প্রতিদিন

কোটচাঁদপুরে দুই বিদ্রোহী প্রার্থীকে বহিষ্কার

তৃতীয় দফায় ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর নির্বাচনে মেয়র পদে আ.লীগের দুই বিদ্রোহী প্রার্থীকে দল থেকে বহিষ্কার করা হয়েছে।

আওয়ামী লীগ দলীয় মনোনীত নৌকা প্রতীকে মেয়র পদ-প্রার্থী মোঃ শাহাজান আলীর বিরুদ্ধে বিদ্রোহী প্রার্থী হওয়ায় পৌর আওয়ামী লীগের যুগ্ম-আহবায়ক মোঃ সহিদুজ্জামান সেলিম ও পৌর মেয়র মোঃ জাহিদুল ইসলাম জিরেকে আওয়ামী লীগ থেকে বহিষ্কার করা হয়।

গতকাল সোমবার ঝিনাইদহ জেলা আ.লীগের দপ্তর সম্পাদক মোঃ আছাদুজ্জামান আছাদ স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে কোটচাঁদপুর পৌর নির্বাচনে মেয়র পদে দুই বিদ্রোহী প্রার্থীকে আওয়ামী লীগ থেকে বহিষ্কারের বিষয়টি নিশ্চিত করে এই তথ্য জানানো হয়।

প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, আ.লীগের গঠন তন্ত্রের ৪৭ (ঠ) ধারা অনুযায়ী পৌর আওয়ামী লীগের যুগ্ম-আহবায়ক মোঃ সহিদুজ্জামান সেলিম (মোবাইল ফোন) প্রতীক ও মোঃ জাহিদুল ইসলাম জিরে (নারিকেল গাছ) প্রতীক নিয়ে পৌর নির্বাচনে বিদ্রোহী মেয়র প্রার্থী হওয়ায় আ.লীগ থেকে বহিষ্কার করা হয়েছে।

এদের সাথে আ.লীগের আর কোন সম্পর্ক নাই। নির্বাচন তফসিল অনুযায়ী আগামী ৩০ জানুয়ারী কোটচাঁদপুর পৌরসভা নির্বাচন অনুষ্ঠিত হবে।

নুসরাত হত্যা: মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামির কারামুক্তি চেয়ে আওয়ামী লীগের দোয়া!

ফেনীর সোনাগাজীতে আলোচিত মাদরাসাছাত্রী নুসরাত জাহান রাফি হত্যা মামলার ফাঁসির দণ্ডপ্রাপ্ত আসামি উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি রুহুল আমিনের কারামুক্তি, সুস্থতা কামনা করে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে। পৌর আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের ব্যানারে গতকাল বুধবার বিকেলে উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ে এ আয়োজন করা হয়। একই সঙ্গে আওয়ামী লীগ কার্যালয়ে রুহুল আমিনের একটি ছবিও টাঙানো হয়।

সোনাগাজী উপজেলা আওয়ামী লীগের সভাপতি অধ্যাপক মফিজুল জানান, এই কর্মসূচির সম্পর্কে তিনি এবং দলের সাধারণ সম্পাদক এই কর্মসূচি সম্পর্কে অবগত না।

বিকেল সাড়ে ৪টায় পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু তৈয়ব বাবুলের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভা ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন সোনাগাজী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সাখাওয়াতুল হক বিটু, মতিগঞ্জ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. রবিউজ্জামান বাবু, উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক নূরুল ইসলাম ভূট্টো, মঙ্গলকান্দি ইউপি চেয়ারম্যান মোশারফ হোসেন বাদল, জেলা পরিষদের সদস্য নাছির উদ্দিন আরিফ ভূঁইয়া, চরচান্দিয়া ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবদুর রহিম মানিক, বগাদানা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলা উদ্দিন বাবুল, আমিরাবাদ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আরু মেম্বার, ইউপি সদস্য গেদু মিয়া ভূঁইয়া, দীন মোহাম্মদ, মতিগঞ্জ ইউনিয়ন যুবলীগের সভাপতি মোহাম্মদ হোসেন টিপু ও পৌর যুবলীগের সাধারণ সম্পাদক বেলাল হোসেনসহ যুবলীগ, ছাত্রলীগের নেতাকর্মী অংশ নেন।

২০১৯ সালে ২৪ অক্টোবর নুসরাত জাহান রাফিকে নির্মমভাবে পুড়িয়ে হত্যা ঘটনায় মামলার প্রধান আসামি অধ্যক্ষ সিরাজ-উদ দৌলা ও আওয়ামী লীগ নেতা রুহুল আমিনসহ ১৬ জনের ফাঁসির আদেশ দেন ফেনীর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মো. মামুনুর রশিদ। এ হত্যা মামলাটি হাইকোর্টের আপিল বিভাগে ডেথ রেফারেন্স শুনানির অপেক্ষায় রয়েছে। সূত্র: কালের কণ্ঠ

শৈলকুপায় আওয়ামী মেয়র প্রার্থীর নির্বাচনী ইসতেহার ঘোষণা

ঝিনাইদহের শৈলকুপা পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থী কাজী আশরাফুল আজমের (নৌকা প্রতিক) এর নির্বাচনী ইসতেয়ার ঘোষনা করেছেন।

সোমবার শহরের সরকারী পাইলট স্কুল এলাকায় নৌকা প্রতিকের প্রধান নির্বাচনী কার্যালয়ে এ নির্বাচনী ইশতেহার ঘোষণা করা হয়। আগামী ১৬ জানুয়রী শনিবার প্রথম ইভিএম পদ্ধতিতে এ পৌরসভা নির্বাচনের ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

নির্বাচনী ইসতেহারে মেয়র প্রার্থী কাজী আশরাফুল আজম বলেন, শৈলকুপা পৌরসভার উন্নয়নে আমি অলীক স্বপ্নে বিশ্বাসী নই, বাস্তব স্বপ্ন পূরনে বিশ্বাসী। তিনি শপথ ও অঙ্গীকার করে বলেন, আমি দূর্নীতি করব না এবং কাউকে দূর্নীতি করতে দেবনা। দলমত বর্ণ নির্বিশেষে সবার প্রতি সমান দৃষ্টিভঙ্গী নিয়ে কাজ করব।

এ পৌরসভার পথে ঘাটে রাস্তায় কোনো পানি জমতে দেবনা। জলাবদ্ধতা নিরসন করব। পৌরসভার ছোট বড় সকল রাস্তা উন্নয়নের আওতায় আনা হবে। পৌর এলাকায় বিদ্যুতের লোড শেডিং হবে না। যানজট নিরসনের লক্ষে পৌরসভার রাস্তা সমুহ সংস্কারসহ প্রয়োজনে আরো নতুন রস্তাা নির্মান করা হবে।

শহরের সৌন্দর্য বৃদ্ধি ও যানজট নিরসনের জন্য কুমার নদের উত্তর পাড় দিয়ে নতুন রাস্তা তৈরী করা হবে।

পৌরসভার প্রতি ইঞ্চি ভূমি উন্নয়নের আওতায় আনা হবে। দিনের বেলা কোন ময়লা আবর্জনা রাস্তায় থাকতে দেয়া হবে না এবং নিজে পরিচ্ছন্নতা কর্মীর তদারকি করবো। কোন শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানের পাশে ডাষ্টবিন থাকবে না।

পৌরবাসীর জন্য ২৪ ঘন্টা বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিত করা হবে। পৌরবাসীর জন্য একটি বিনোদন পার্ক, ১টি শিশু পার্ক ও অডিটোরিয়াম তৈরি করা করা হবে। এ শহরকে আধুনিক বাসযোগ্য নগরী হিসেবে গড়ে তোলা হবে। একটি নতুন কবরস্থান, কেন্দ্রীয় ঈদগাহ নির্মান করা হবে।

এ ছাড়াও একটি পৌর আধুনিক চিকিৎসালয় প্রতিষ্ঠা করা হবে। বিভিন্ন জায়গায় পাবলিক টয়লেট নির্মানসহ মাদকমুক্ত শহর গড়ে তোলা হবে।

পানির বিল, হোল্ডিং ট্যাক্স ও যাবতীয় বিল পুন:বিবেচনা করা হবে জাতীয়, চারিত্রিক, নাগরিক, জন্মÑমৃত্যু এবং ওয়ারিসসহ অন্যান্য সনদপত্র বিনা পয়সায় সরবরাহ করা হবে। শৈলকুপা পৌর শহর সম্পূর্ণভাবে সিসি ক্যামেরা এর আওতায় আনা হবে।

এ নির্বাচনী ইশতেহার ঘোষণাকালে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম আহ্বায়ক সরোয়ার জাহান বাদশা, সাবেক উপজেলা পরিষদের চেয়ারম্যন নায়েব আলী জোয়ার্দার, শৈলকুপা প্রেসক্লাবের সভাপতি এম হাসান মুসা, সাধারণ সম্পাদক শাহিন আক্তার পলাশ সহ সাংবাদিক নেতৃবৃন্দ।পরিচালনা করেন সাবেক ছাত্র নেতা রেজাউল ইসলাম রাজু।

গাংনীতে ভোট প্রার্থনা করে ছাত্রলীগের লিফলেট বিতরণ

মেহেরপুরের গাংনী পৌরসভা নির্বাচন উপলক্ষে ভোট প্রার্থনা করে লিফলেট বিতরণ করেছে ছাত্রলীগ নেতা কর্মীরা।

সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড তুলে ধরে গতকাল রবিবার বিকালে গাংনী বাজারের বিভিন্ন দোকান ও বাড়ি বাড়ি গিয়ে নৌকা প্রতীকে ভোট প্রার্থনা করেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন ও গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিকের নেতৃত্বে ছাত্রলীগ নেতা কর্মীরা।

এ সময় মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ, সাধারণ সম্পাদক কুতুব উদ্দীন, জেলা ছাত্রলীগের সহ-সভাপতি সাজাহান আলী, সহ-সভাপতি সোহান, যুগ্ম সম্পাদক রবিন, সাংগঠনিক সম্পাদক আশিকুর রহমান সাগর, ছাত্রলীগ নেতা রাকিবুল ইসলাম টুটুল, হিরোক ও মুন্নাসহ ছাত্রলীগের বিভিন্ন পর্যায়ের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর শহর আওয়ামী লীগের

উদ্যোগে বঙ্গবন্ধু‘র স্বদেশ

প্রত্যাবর্তন দিবস পালন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও ৱ্যালির আয়োজন করা হয়। রবিবারের সকাল ১১টার সময় মেহেরপুর শহর আওয়ামীলীগের উদ্যোগে উপজেলা পরিষদে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।
মেহেরপুর শহর আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম এর সভাপতিত্বে এবং পৌর ছাত্রলীগের সাবেক সভাপতি জশিউর রহমান বকুল এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম রসূল।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর মেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন, জেলা আওয়ামী লীগের সাবেক শিক্ষা বিষয়ক সম্পাদক আব্দুল মান্নান, জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম, জেলা যুবলীগের সাধারণ সম্পাদক সাজ্জাদুল আলম, আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আকতার হোসেন, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রেজা। অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন, জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জুয়েল রানা, মেহেরপুর শহর ছাত্রলীগের সাবেক সভাপতি মাহফুজুর রহমান পেলেন, সদর থানা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফয়সাল খান, জেলা ছাত্রলীগের প্রচার সম্পাদক শেখ শান্ত, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগ নেতা আবু মোর্শেদ শোভন সরকার, মেহেরপুর সরকারী কলেজ ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সাবেক সহ-সম্পাদক গোলাম রাব্বী রবিন, মেহেরপুর পৌরসভার ১নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মাসুদ ও দপ্তর সম্পাদক সাইফুল ইসলাম শাকিল, মেহেরপুর পৌরসভার ৯নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি হামিদুল ইসলামসহ বিভিন্ন নেতাকর্মীরা সেখানে উপস্থিত ছিলেন।
আলোচনা সভা শেষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে র্যালী বের করা হয়। মেহেরপুর সদর উপজেলা পরিষদ থেকে শুরু করে র্যালীটি মেহেরপুর জেলা পরিষদে গিয়ে শেষ হয়।

গাংনী পৌর নির্বাচনে বিদ্রোহী প্রার্থী আশরাফুলকে যুবলীগ থেকে অব্যহতি

মেহেরপুর গাংনী পৌরসভা নির্বাচনে মেয়র পদে দলীয় প্রার্থীর বিরুদ্ধে নির্বাচন করায় স্বতন্ত্র প্রার্থী আশরাফুল ইসলামকে দল থেকে অব্যহতি দিয়েছে জেলা যুবলীগ।

আজ শনিবার বিকেলে গাংনী বাস স্ট্যান্ডে এক সংবাদ সম্মেলনে কেন্দ্রীয় যুবলীগের সিদ্ধান্তে আশরাফুল ইসলামের অব্যহতির বিষয়টি নিশ্চিত করে মেহেরপুর জেলা যুবলীগ আহবায়ক মাহফুজুর রহমান রিটন।

আশরাফুল ইসলাম মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক কমিটির সদস্য ছিলেন।

শেখ হাসিনার উন্নয়ন কর্মকাণ্ড চলামান রাখতে গাংনী পৌরসভায় নৌকা প্রতীক বিজয়ী করতে আহবান জানান মাহফুজুর রহমান।

সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা যুবলীগ সভাপতি মোশাররফ হোসেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা ও উপজেলা যুুবলীগ নেতৃবৃন্দ। এর আগে গাংনী শহরের বিভিন্ন স্থানে নৌকার পক্ষে গণসংযোগ করেন মাহফুজুর রহমান রিটনসহ যুবলীগ নেতৃবৃন্দ।

গাংনী পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন পেয়েছেন সাবেক মেয়র আহম্মেদ আলী। বর্তমান মেয়র আশরাফুল ইসলাম দলীয় মনোনয়ন প্রত্যাশী ছিলেন।

তবে ২০১৫ সালের নির্বাচনে তিনি বিদ্রোহী প্রার্থী থাকায় স্থানীয় মনোনয়ন বোর্ড থেকে ছিটকে পড়েন তিনি। আগামি ১৬ জানুয়ারী গাংনী পৌরসভা নির্বাচনে তিনি স্বতন্ত্র প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দীতা করছেন।

সবাইকে সাথে নিয়েই একটা ব্যতিক্রম কুষ্টিয়া গড়তে চান হানিফ

সবাইকে সাথে নিয়েই একটা ব্যতিক্রম কুষ্টিয়া গড়তে চান আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ সদর আসনের সংসদ সদস্য মাহবুব উল আলম হানিফ।

তিনি বলেন, নিরাপদ দেশ ও জেলা গড়তে সবকিছু করা হবে।’এই নাগরিক কমিটি জেলার সামগ্রিক উন্নয়ন, আইনশৃঙ্খলাসহ সব বিষয়ে সচেতনতার সঙ্গে দায়িত্ব পালন করবে। তারাই সমাজের মূল প্রতিনিধি। এই অরাজনৈতিক প্ল্যাটফর্মের সবাই থাকবেন রাজনীতির ঊর্ধ্বে।

উপস্থিত সবাইকে কুষ্টিয়ার প্রাণশক্তি আখ্যায়িত করে তিনি বলেন, ‘আপনাদের নিয়েই একটা ব্যতিক্রম কুষ্টিয়া গড়তে চাই। যেখানে কোনো রাজনৈতিক প্রতিহিংসা বা দলাদলি থাকবে না। নিরাপদ দেশ ও জেলা গড়তে সবকিছু করা হবে।’

সোমবার রাতে শহরের দিশা মিলনায়তনে কুষ্টিয়ার আগামীর উন্নয়ন ভাবনা নিয়ে রাজনৈতিক অঙ্গনের বাইরে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে মতবিনিময় শেষে নাগরিক কমিটির অনুষ্ঠানে তিনি একথা বলেন।

হানিফ বলেন, আপনারা কুষ্টিয়ার উন্নয়নের জন্য বিভিন্ন পর্যায় থেকে যে পরামর্শ দিলেন আমি তা নোট করে রেখেছি। কুষ্টিয়ার উন্নয়নে আমার যে পরিকল্পনা আছে তার বাইরে আপনারা যে পরামর্শ দিলেন তা সমন্বয় করে বাস্তবায়নের চেষ্টা করবো।

তিনি বলেন, কুষ্টিয়া চিনিকল বিদেশি বিনিয়োগের মাধ্যমে আধুনিক চিনিকল প্রতিষ্ঠার চেষ্টা চলছে। পরিবেশগত কারণে মোহিনী মিল আর চালু করা সম্ভব হবে না, তবে সেখানে একটি ঐতিহ্যবাহী জাদুঘর গড়ে তোলার চেষ্টা করবো।আওয়ামীলীগের এই নেতা আরও বলেন, অরাজনৈতিক বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এগিয়ে আসলে সবার সমন্বয়ে উন্নয়ন কাজ দ্রুত বাস্তবায়ন করা সম্ভব হবে।

পরে কুষ্টিয়া মেডিকেল কলেজের সাবেক অধ্যক্ষ এস এম মুসতানজিদকে আহ্বায়ক ও কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাবেক কোষাধ্যক্ষ

আইন বিভাগের শিক্ষক সেলিম তোহাকে সদস্যসচিব করে এবং সভায় উপস্থিত সবাইকে সদস্য হিসেবে ঘোষণা করে নাগরিক কমিটির ঘোষণা করেন হানিফ।

সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, চিকিৎসক, প্রকৌশলী, ব্যবসায়ী, কবি, প্রাবন্ধিক, লেখক, সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণি-পেশার অন্তত ৫০ জন উপস্থিত ছিলেন। তাঁরা জেলার নানা সমস্যা ও সম্ভাবনা নিয়ে বক্তব্য দেন। সবার বক্তব্য শুনে হানিফ বলেন, জেলার উন্নয়নে আধুনিক মানের হাসপাতাল, ইংরেজি মাধ্যমের উন্নত মানের শিক্ষাপ্রতিষ্ঠানসহ যা যা করা প্রয়োজন, তার সবই করা হবে। তিনি নাগরিক কমিটিকে জেলার উন্নয়নের জন্য সব সময় পরামর্শ ও দিকনির্দেশনা দেওয়ার আহ্বান জানান।

কেমন আছেন কালীগঞ্জের ছাত্রলীগের সাবেক নেতারা!

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক মুসলিম হলে যে ছাত্র সংগঠনটির জন্ম, অনেক চড়াই উৎরাই পেরিয়ে গতকাল সোমবার ৭৩ বছর পূর্ণ করছে সেই ছাত্র সংগঠনটি। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সংগঠনটি প্রতিষ্ঠা করেন। প্রতিষ্ঠাকালীন এর নাম ছিল পূর্ব পাকিস্থান মুসলিম ছাত্রলীগ। পাকিস্থান আমলেই মুসলিম শব্দটি বাদ দেয়া হয়। স্বাধীনতার পর নাম হয় বাংলাদেশ ছাত্রলীগ।

১৯৮৩ সালে কালীগঞ্জ উপজেলা প্রতিষ্ঠা করার পর থেকে বর্তমান কমিটি পর্যন্ত ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক পদে এসেছেন ১২ জন। আহবায়ক ছিলেন ২ জন। আর ভারপ্রাপ্ত সভাপতি ছিলেন ২ জন ও ১জন ছিলেন ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক । সাবেক এই ছাত্র নেতাদের মধ্যে অনেকে বেঁচে নেই। বর্তমানে আওয়ামী লীগে সাবেক ছাত্রনেতাদের নেই কোন পদ। জাহাঙ্গীর হোসেন সোহেল কালীগঞ্জ উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক পদে দায়িত্ব পালন করছেন। বাকীরা সবাই পদহীন রয়েছেন।

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলায় প্রথম ছাত্রলীগের কমিটি হয় ১৯৮৭ সালে। সেই সময়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্র মাছুদ সাজ্জাদ

সভাপতি হন। বর্তমানে তিনি শহীদ নূর আলী কলেজের শিক্ষকতা করছেন। তার সময়ে সাধারণ সম্পাদকের দায়িত্বে ছিলেন মতিয়ার রহমান মতি। এই কমিটির সাংগঠনিক সম্পাদক ছিলেন আনিচুর রহমান মানু। তিনি বর্তমান কালীগঞ্জ কোয়ালিটি ইংলিশ মিডিয়াম স্কুলের শিক্ষক।

১৯৮৯ সাল থেকে ১৯৯৩ সাল পর্যন্ত ছাত্রলীগের সভাপতি হন মতিয়ার রহমান মতি। পরে উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদকের পদেও ২বার দায়িত্বে ছিলেন। ২০১৪ সালে কালীগঞ্জ উপজেলা পরিষদ নির্বাচনে ভাইস-চেয়ারম্যান পদে নির্বাচিত হন তিনি। তার সময় সাধারণ সম্পাদক হিসেবে ছিলেন উপজেলার খামার মুন্দিয়া গ্রামের আদিল উদ্দীন মন্ডলের ছেলে মোস্তাফিজুর রহমান মন্নু। তিনি ১০/১২ বছর আগে হৃদ রোগে আক্রান্ত হয়ে মৃত্যু বরণ করেন।

১৯৯৩ থেকে ১৯৯৭ পর্যন্ত এই সংগঠনের আহবায়ক ছিলেন রেজাউল ইসলাম। রাজনীতিতে থাকলেও তেমন সরব নন। তিনি বর্তমানে ব্যবসায়ী। তার সময় যুগ্ম-আহবায়ক ছিলেন নজরুল ইসলাম। বর্তমানে তিনি মোবারকগঞ্জ সুগার মিলে চাকুরী করেন।

১৯৯৭ থেকে ১৯৯৮ সাল পর্যন্ত সংগঠনের সভাপতি নির্বাচিত হন রেজাউল করিম রেজা। ১৯৯৮ সালে দলীয় কোন্দলে দুর্বৃত্তদের হাতে মাহতাব উদ্দীন ডিগ্রী কলেজ মাঠে নিহত হন। রেজা সভাপতি থাকা কালীন সাধারণ সম্পাদক পদে ছিলেন মোঃ ইদ্রিস আলী। বর্তমানে তিনি ব্যবসা করেন। রেজা মারা যাওয়ার পর ভারপ্রাপ্ত সভাপতি হন নজরুল ইসলাম। কিছুদিন পরে উপজেলা ছাত্রলীগের কমিটি বিলুপ্ত ঘোষণা করেন।

২০০১ সালে আবার উপজেলা ছাত্রলীগের আহবায়ক কমিটি করা হয়। আহবায়ক হন মোস্তাফিজুর রহমান বিজু। তিনি ২০১১ সালে কালীগঞ্জ পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগের টিকিট পেয়ে মেয়র নির্বাচিত হন। পরে তিনি কেন্দ্রীয় যুবলীগ সদস্য পদ লাভ করেন। বিজুর সময় যুগ্ম-আহবায়ক ছিলেন আব্দুল গাফ্ফার। তিনিও বর্তমানে ব্যবসা করেন।

কালীগঞ্জ উপজেলা যুবলীগের বর্তমান কমিটির সাধারণ সম্পাদক জাহাঙ্গীর হোসেন সোহেল। ২০০৩ সাল থেকে ২০১৪ পর্যন্ত কালীগঞ্জ উপজেলা ছাত্রলীগের সভাপতির দায়িত্ব পালন করেন। সক্রিয় রাজনীতির পাশাপাশি তিনি জেলা পরিষদের সদস্য নির্বাচিত হন। সোহেল সভাপতি থাকাকালীন সাধারণ সম্পাদকের পদে ছিলেন নাছির উদ্দীন পলাস। রাজনিতী ছেড়ে তিনি চাকুরীতে চলে যান। তিনি বর্তমানে ব্র্যাক ব্যাংকে চাকুরী করেন। পরে ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক হন জাকির

হোসেন। তিনি বর্তমানে মোবারকগঞ্জ সুগার মিলে চাকুরী করেন।

২০১৪ থেকে ২০১৭ পর্যন্ত উপজেলা ছাত্রলীগের সভাপতির পদে ছিলেন ইসরাইল হোসেন। ২০১৫ সালে তিনি মাহতাব উদ্দীন ডিগ্রী কলেজে শিক্ষক হিসেবে যোগদান করেন। ইসরাইল শিক্ষকতা শুরু করলে ২০১৭ সালে সহ-সভাপতি আনিচুর রহমান মিঠু মালিতা ভারপ্রাপ্ত সভাপতি হন। ইসরাইলের সময় সাধারণ সম্পাদক ছিলেন কাজী রিপন। বর্তমানে দলীয় কোন পদ নেই তাদের।

বর্তমানে কালীগঞ্জ উপজেলা ছাত্রলীগের সভাপতির পদে রয়েছেন মোঃ নাজমূল হাসান। তার বাড়ি মল্লিকপুরে। এ ছাড়া বর্তমান সাধারণ সম্পাদক হলেন মনির হোসেন সুমন। তার বাড়ি পৌরসভার আড়পাড়া গ্রামে। এরা দুজনই শিক্ষার্থী।

সংগঠনটি বাংলাদেশ আওয়ামী লীগের শিক্ষাপ্রাতিষ্ঠানিক অঙ্গ সংগঠন হিসেবে পরিচিত। বাংলাদেশ ছাত্রলীগের ইতিহাস গৌরব, ঐতিহ্য, সংগ্রাম ও সাফল্যে মণ্ডিত। ১৯৪৮ সাল থেকে শুরু করে বর্তমান পর্যন্ত দেশ ও জনগণের স্বার্থরক্ষার্থে প্রত্যেকটি আন্দোলনে বাংলাদেশ ছাত্রলীগ প্রধান ভূমিকা রেখেছে। তবে তৃণমূলের বিভিন্ন ইউনিটের অপকর্মের ভারও সইতে হচ্ছে ছাত্রলীগকে।